গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আইন সেল
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

তারিখঃ ০৭আষাঢ়, ১৪৩৩
২১ জুন ২০২৬

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২৬.৫৭৯.১৫৫৩

বিষয়: বুড়াইল উচ্চ বিদ্যালয় ও কারিগরি কলেজ, উপজেলা: ফুলছড়ি, জেলা: গাইবান্ধার জাল নিবন্ধন সনদধারী প্রভাষক (হিসাব বিজ্ঞান) জনাব সালমা জাহান দিপার বিরুদ্ধে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশানর আলোকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে গৃহীত পদক্ষেপের প্রমাণক প্রেরণ প্রসঙ্গে ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ অডিট শাখার স্মারক নং-৩৮.০০.০০০০.০৮৭.০৯৯.০০৩.২১-১০২, তারিখ: ১৮.০৫.২০২৩ খ্রি. ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ অডিট শাখার স্মারক নং-৩৮.০০.০০০০.০৮৭.০৯৯.০০৩.২১-১০২, তারিখ: ১৮.০৫.২০২৩ খ্রি. মোতাবেক জাল সনদধারী শিক্ষক/কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয় । বুড়াইল উচ্চ বিদ্যালয় ও কারিগরি কলেজ, উপজেলা: ফুলছড়ি, জেলা: গাইবান্ধার প্রভাষক (হিসাব বিজ্ঞান) জনাব সালমা জাহান দিপার শিক্ষক নিবন্ধন সনদ জাল পাওয়ায় তাকে জাল সনদধারী শিক্ষক/কর্মচারীদের তালিকায় ১৫৮ নং সিরিয়ালে অন্তর্ভুক্ত করা হয় ।

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত পত্রের নির্দেশনার আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে জাল নিবন্ধন সনদধারী প্রভাষক (হিসাব বিজ্ঞান) জনাব সালমা জাহান দিপা কর্তৃক অবৈধভাবে গ্রহণকৃত বেতন ভাতা সরকারি কোষাগারে ফেরৎ প্রদানের ব্যবস্থা, জাল সনদধারীর বিরুদ্ধে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ফৌজদারী অপরাধের মামলা দায়েরসহ বিভিন্ন নির্দেশনা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং গভর্নিংবডির সভাপতিকে প্রদান করা হয় ।

৩। এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক জাল নিবন্ধন সনদধারী প্রভাষক (হিসাব বিজ্ঞান) জনাব সালমা জাহান দিপার বিরুদ্ধে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পদক্ষেপের প্রমাণকসহ তার নিয়োগ ও এমপিওকরণে প্রেরিত প্রস্তাবনার সকল কাগজপত্র, সকল সনদের সত্যায়িত কপি এবং তার চাকুরির হালনাগাদ অবস্থার প্রমাণক আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

২১/০৬/২৬

(ড. রেজা হাসান মাহমুদ)
সহকারী পরিচালক-১০
কারিগরি শিক্ষা অধিদপ্তর ।

১। সভাপতি, গভর্নিংবডি
বুড়াইল উচ্চ বিদ্যালয় ও কারিগরি কলেজ
উপজেলা: ফুলছড়ি, জেলা: গাইবান্ধা।

২। অধ্যক্ষ
বুড়াইল উচ্চ বিদ্যালয় ও কারিগরি কলেজ
উপজেলা: ফুলছড়ি, জেলা: গাইবান্ধা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, রমনা, ঢাকা ।
০৩। পরিচালক (পিআইইউ),কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। সহকারী পরিচালক-১২ (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
০৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ,কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল,, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ) ।
০৮। সংরক্ষণ নথি ।